Department of Education
Chancellor Richard A. Carranza

21 সেপ্টেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আপনাদের এবং আপনাদের সন্তানদের 2020-21 স্কুল বছরে স্বাগতম জানাতে পেরে আমি আনন্দিত! আপনাদের সকলকে ছাড়া আমরা এই মাইলফলক অর্জন করতে পারতাম না। আমাদের পাবলিক স্কুলগুলোর প্রতি আপনাদের সহায়তা এবং আস্থার জন্য আমি কৃতজ্ঞ। আমাদের শিক্ষার্থী, শিক্ষক, এবং স্কুল কর্মীদের শ্রেণীকক্ষে ও দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) নিরাপদে ফিরে আসা - এই শেয়ারকৃত লক্ষ্য অর্জনে বহু নিউ ইয়র্কবাসী দিনরাত কাজ করেছেন।

বিগত সাত মাস যে চ্যালেঞ্জপূর্ণ সময় ছিল সেবিষয়ে কোনো সন্দেহ নেই, কিন্তু নিউ ইয়র্কবাসী যে চমৎকারভাবে COVID-19 মোকাবিলা করেছে সজন্যে আমাদের গর্ব বোধ করা উচিত। আমাদের পদক্ষেপসমূহের ফলে কয়েক সপ্তাহ ধরে সিটিব্যাপী সংক্রমণের নিম্ন হার বজায় রয়েছে।কিন্তু ,আমাদের সিটি , স্টেট ,এবং দেশে ভাইরাস এখনও সক্রিয়। আমরা জানি এই ফল-এ (হেমন্তে) COVID-19-এর কেইস থাকবে। সুখবর হচ্ছে যে আমরা এই ভাইরাস মোকাবিলায় প্রস্তুত এবং এর পাশাপাশি আমাদের লক্ষ্য—আমাদের সকল শিক্ষার্থীদের অব্যাহতভাবে শেখা ও উন্নতি নিশ্চিত করায়, অটুট থাকবো।

এটা সম্পাদন করতে, আমরা কঠোর স্বাস্থ্য ও সুরক্ষার নিয়ম-নীতি প্রণয়ন করেছি এবং DOE প্রিন্সিপ্যালদের জন্য একটি COVID-19 রেসপন্স সিচুয়েশন রুম প্রস্তুত করেছি, যা স্কুলগুলোতে সকল COVID-19 কেইসগুলো মোকাবিলায় একটি "ওয়ান-স্টপ-শপ" হিসেবে কাজ করবে। যখন প্রিন্সিপ্যালগণ তাদের স্কুলে সম্ভাব্য COVID-19 সংক্রমণ সম্পর্কে অবহিত হবেন, তারা সিচুয়েশন রুমে ফোন করে তা রিপোর্ট করবেন, এবং প্রিন্সিপ্যালদের সাড়াদানে সহায়তা করার জন্য মেডিক্যাল, পাবলিক হেলথ্, এবং এডুকেশন কর্মীগণ দায়ীত্বে নিয়োজিত এবং প্রস্তুত রয়েছেন। প্রিন্সিপ্যালগণ কিংবা তাদের নিয়োজিত ব্যক্তিগণ সিচুয়েশন রুমে ফোন করবেন, যেটা সেখান থেকে সবকিছু পরিচালনায় সহায়তা করবেন - এতে অন্তর্ভুক্ত প্রিন্সিপ্যালদের সাথে দ্রুত যোগাযোগ করে তাদের স্কুল কমিউনিটির সাথে শেয়ার করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্যসমূহ প্রদান করবেন।

আপনাদের সন্তানদের আপনার প্রত্যাশা অনুযায়ী সুস্থ, নিরাপদ, সম্পৃক্তমূলক, উচ্চ-মানসম্পন্ন শিক্ষা প্রদানে আমাদের সক্ষমতায় আমরা আত্মবিশ্বাসী। আমরা অব্যাহতভাবে স্বচ্ছতা বজায় রাখবো এবং আপনাকে অবহিত করে যাব। পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে, আমি উল্লিখিত বিষয়গুলো আনন্দের সাথে শেয়ার করছি:

- আপনার সন্তানের জন্য দৈনিক স্বাস্থ্য যাচাই (ডেইলি হেলথ্ স্ক্রিনিং) কীভাবে সম্পন্ন করতে হবে,
- COVID-19 পরীক্ষা করতে কোথায় যেতে হবে,
- আপনার স্কুল কমিউনিটির COVID-19 কেইসগুলো সম্পর্কে কীভাবে অবহিত থাকতে হবে, এবং
- স্কুলে যাওয়া ও আসার পরিবহন কেমন হবে

অতিরিক্তভাবে, পূর্ববর্তী আপডেটগুলোতে গুরুত্বপূর্ণ তথ্য খুঁজতে আপনাকে সহায়তা করতে, আমরা উল্লিখিত DOE রিসোর্সসমূহের তড়িৎ লিংক অন্তর্ভুক্ত করেছি:

- আমাদের স্কুলের স্বাস্থ্য ও সুরক্ষার পদক্ষেপ,
- এই বছরের শিক্ষকতা এবং শিক্ষণের অবস্থা কেমন হবে, এবং
- এলিমেন্টারি, মিডল্ এবং হাই স্কুলের জন্য স্কুলের সময়সূচি

এবং বরাবরের মতই, স্কুলে পুনরায় ফিরে আসা সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে schools.nyc.gov/returntoschool2020 সাইটে। আপনার অতিরিক্ত কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার প্রিন্সিপ্যাল যোগাযোগ করুন। আমাদের ওয়েবসাইটের ফাইন্ড এ স্কুল (Find a School) ব্যবহার করে: schoolsearch.schools.nyc প্রিন্সিপ্যালের যোগাযোগের তথ্য সহ, আপনার সন্তানের স্কুল সম্পর্কে তথ্য খুঁজে পাবেন।

Department of Education
Chancellor Richard A. Carranza

আপনি হয়তো আমাকে বলতে শুনেছেন যে সেপ্টেম্বর আমার প্রিয় মাস, এবং এটা এই বছর বিশেষভাবে সত্য। 2020-তে স্কুলে ফিরে আসায় একটি দলগত প্রচেষ্টা প্রয়োজন হয়েছে, হাজার হাজার ঘন্টা কাজ, এবং আজকের এই অবস্থায় আসতে অসংখ্য খুঁটিনাটির প্রতি মনোনিবেশ প্রদান করতে হয়েছে। আমি আমাদের পরিবার, শিক্ষার্থী, শিক্ষক, এবং আমাদের স্কুলগুলোতে যারা কাজ করেন তাদের সকলের জন্য আমি অত্যন্ত গর্বিত।

আমরা যখন একযোগে নতুন স্কুল শুরু করছি, আমি আপনাকে নিশ্চিত করতে চাই যে দেশের সর্ববৃহৎ স্কুল সিস্টেমটি ভালোভাবে প্রস্তুত এবং দায়ীত্ব পালনে যোগ্য। অনুগ্রহ করে জেনে রাখুন যে আমরা আপনাদের সহায়তার জন্য আছি।আমাদের শিক্ষক ও প্রিন্সিপ্যালবৃন্দ আপনাদের সহায়তার জন্য রয়েছে।এবং, একসাথে, আমরা একটি অসামান্য শিক্ষা বছর অর্জন করবো।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য: 21 সেপ্টেম্বর, 2020

আপনার সন্তানের জন্য দৈনিক স্বাস্থ্য যাচাই (ডেইলি হেলথ্ স্ক্রিনিং) কীভাবে সম্পন্ন করতে হবে

বরাবরের মতই, আমাদের শিক্ষার্থী, পরিবার, এবং স্কুলের স্টাফদের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের প্রধান প্রাধান্য। আমাদের স্কুলগুলো নিরাপদে পুনরায় খোলার জন্য আমরা কয়েক মাস ব্যয় করেছি; আমরা জানি আমাদের অনেকের কাছেই সেগুলো বাড়ির মতই এবং আমাদের ছেলেমেয়েদের শিক্ষা চাহিদা মেটায় ও সামাজিক-মানসিক সহায়তা প্রদান করে।

আমাদের স্কুলের কমিউনিটিকে নিরাপদ রাখতে আমাদের সকলের একটি ভূমিকা রয়েছে। আপনাদের সন্তানরা স্কুল ভবনে প্রবেশের পূর্বে তাদের স্বাস্থ্য যাচাইকরণ বা হেলথ্ স্ক্রিনিং পূরণ করে, আমরা আপনার ভূমিকাটুকু পালনের জন্য আপনাদের অনুরোধ করছি (তাপমাত্রা পরীক্ষা সহ)। ***আপনার সন্তান সশরীরে শেখার জন্য সময়সূচিকৃত প্রতিটি দিনে আমাদের অনলাইন স্বাস্থ্য যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং) টুল ব্যবহার করতে আমরা উৎসাহিত করছি।***

- আপনি অনলাইন স্বাস্থ্য যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং) খুঁজে পাবেন healthscreening.schools.nyc -সাইটে। যখন আপনি স্ক্রিনিংটি বাড়িতে পূরণ করবেন, তখন আপনি অথবা আপনার সন্তানকে স্ক্রিনিংয়ের ফলাফল হয় স্মার্টফোনে পাঠানো ইমেইলটি অথবা ফলাফলের একটি মুদ্রণ বা প্রিন্ট অবশ্যই প্রদর্শন করে স্কুল ভবনে প্রবেশ করতে হবে। যদি কোনো কারণে তাদের তাপমাত্রা যাচাই করতে হয় সেজন্য সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনার প্রথম দিন, সকল শিক্ষার্থী মুখে ব্যবহার করার একটি থার্মোমিটার পাবে।

- যদি আপনি অথবা আপনার সন্তান অনলাইন টুল ব্যবহার করে পূর্বে-যাচাইকরণ করতে না পারেন, আপনি কাগজে মুদ্রিত স্বাস্থ্য যাচাইকরণ প্রশ্নাবলী ব্যবহার করতে পারে এবং সেটা আপনার সন্তান স্কুলে নিয়ে আসতে এবং প্রবেশের সময় প্রদর্শন করতে পারে। আপনি যেন বাড়িতে প্রশ্নাবলী পূরণ করতে পারেন সেজন্য আপনার স্কুল আপনাকে মুদ্রিত কপি প্রদান করবে।

- যদি আপনি অথবা আপনার সন্তান পূর্বে-যাচাইকরণ করতে ভুলে যান কিংবা অসক্ষম হয়ে থাকেন, তবে স্কুলের প্রবেশ-মুখে একজন থাকবেন যিনি আপনার সন্তানকে এই ফর্মটি পূরণ করতে ও আপনার সন্তানের তাপমাত্রা পরীক্ষা করায় সহায়তা করবে।

- সবাইকে সুস্থ রাখতে এবং COVID-19 সংক্রমণ হ্রাস করতে, শিক্ষার্থীরা সশরীরে ক্লাসে উপস্থিত হতে সক্ষম হবে না, যদি তাদের উল্লিখিতগুলো থাকে:
  - আপনি COVID-19-এর উপসর্গগুলো আপনার মাঝে লক্ষ্য করেছেন, এতে রয়েছে 100.0 ডিগ্রি F (ফারেনহাইট) কিংবা এরচেয়ে বেশি, নতুনভাবে কাশি শুরু, নতুনভাবে স্বাদ কিংবা ঘ্রাণশক্তি বিলোপ অথবা বিগত 10 দিনের মাঝে শ্বাস কষ্ট;
  - মুখে লালার মাধ্যমে অথবা নাক কিংবা গলার সোয়াব ব্যবহার করে বিগত 10 দিনের মাঝে করা একটি COVID-19 পরীক্ষায় একটি পজিটিভ ফলাফল পাওয়া গেছে;
  - বিগত 14 দিনে, এমন কেউ যার COVID-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল এসেছে কিংবা COVID-19-এর উপসর্গগুলো দেখা যাচ্ছে এমন কারো কাছাকাছি (6 ফিট-এর মধ্যে অন্তত 10 মিনিটের জন্য) এসেছিলেন; অথবা
  - আপনি আন্তর্জাতিকভাবে কিংবা এমন একটি স্টেট যেটায় নিউ ইয়র্ক স্টেট ট্র্যাভেল অ্যাডভাইজরি অনুযায়ী কমিউনিটির মাঝে COVID-19-এর ব্যাপক সংক্রমণ হচ্ছে সেটায় বিগত 14 দিনের মাঝে ভ্রমণ করেছেন

বরাবরের মতই, অনুগ্রহ করে আপনার সন্তান অসুস্থ হলে তাকে বাড়িতে রাখুন।

COVID-19 পরীক্ষা করতে কোথায় যেতে হবে

Department of Education
Chancellor Richard A. Carranza

নাক-মুখের মুখোশ পরিধান, আমাদের মাঝে দূরত্ব বজায় রাখা, ঘনঘন হাত ধোয়া, এবং পরীক্ষা বা টেস্ট করার মাধ্যমে আমাদের স্কুল কমিউনিটি ও পরিবারদের নিরাপদ রাখার দায়িত্ব আমাদের সকলের উপর!

- আমাদের স্কুল খুলতে ও স্কুল কমিউনিটিকে সুস্থ রাখতে শিক্ষার জন্য COVID-19-এর পরীক্ষা বা টেস্ট করিয়ে নিন। এটা সকলের জন্য নিরাপদ ও সহজ, অভিবাসন কিংবা স্বাস্থ্য বীমার অবস্থা যাই হোক না কেন। আপনার কাছের কোন টেস্টিং সাইটের খোঁজ পেতে nyc.gov/organics ওয়েবসাইট , দেখুন।

- 3K থেকে বারতম গ্রেডের শিক্ষার্থীরা পুরো শিক্ষা বছর জুড়ে 22 হেলথ্ + হসপিটালে টেস্টিং করতে অগ্রাধিকার পাবে। আপনার নিকটস্থ স্থানের খোঁজ পেতে schools.nyc.gov/covidtesting ওয়েবসাইট দেখুন।

- অক্টোবরের শুরু থেকে, আমরা প্রতিটি স্কুলে শিক্ষার্থী ও স্টাফদের নির্বিচারে বাছাই করে পরীক্ষা বা টেস্টিং করা শুরু করবো। আপনার পরিবার ও স্কুল কমিউনিটিকে সুস্থ ও নিরাপদ রাখতে এটা অপরিহার্য। পরিবারদের পরবর্তী আপডেটে আমরা পিতামাতা/অভিভাবকগণের সম্মতি ফর্মের জন্য আমরা আরো অধিক তথ্য শেয়ার করবো এবং একটি লিংক প্রদান করবো।

আপনার স্কুল কমিউনিটির নিশ্চিত COVID-19 কেইসগুলো সম্পর্কে কীভাবে অবহিত থাকতে হবে

আপনার সন্তানের স্কুলে নিশ্চিত COVID-19-এর ঘটনা সংক্রান্ত সতর্কীকরণ সহ, অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য দ্রুত শেয়ার করার জন্য আপনার সাথে আপনার স্কুল যেন যোগাযোগ করতে সক্ষম হয়, তা গুরুত্বপূর্ণ। অনুগ্রহ করে NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA)-এ সাইন আপ করুন, যেন আমরা আপনাদের সাথে ফোনে, ইমেইলে, অথবা টেক্সট মেসেজের মাধ্যমে যোগাযোগ করতে পারি।

- NYCSA-এর মাধ্যমে, আপনি আপনার সন্তানের গ্রেড, পরীক্ষার স্কোর, সময়সূচি, যাতায়াত সংক্রান্ত তথ্য, এবং আরো অনেক কিছু সম্পর্কেও তথ্য পেতেও সহায়তা করবে — যেকোনো স্থান থেকে, এবং DOE-এর প্রমিত নয়টি ভাষায় অনুবাদের মাধ্যমে।

- আপনার সন্তানের রেকর্ড দেখতে, আপনার স্কুল থেকে একটি অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড (তৈরি করার কোড) অনুরোধ করুন। কোনো জরুরি পরিস্থিতিতে আপনার স্কুল যেন আপনার সাথে যোগাযোগ করতে পারে, সেজন্যে আপনার যোগাযোগের তথ্য সর্বসাম্প্রতিক রাখতে আমি উৎসাহিত করছি।

- আপনার যদি একটি অ্যাকাউন্ট না থেকে থাকে, তাহলে আজই schools.nyc.gov/nycsa সাইটে সাইন আপ করুন। এটা করতে মাত্র পাঁচ মিনিট লাগবে!

স্কুলে যাওয়া ও আসার পরিবহন কেমন হবে

বাস, পাবলিক ট্রান্সপোর্টেশন, অথবা অন্যান্য উপায়ে যেভাবেই হোক না কেন, শিক্ষার্থীরা নাক-মুখের মুখোশ পরিধান ও পারস্পরিক দূরত্ব বজায় রাখা প্রত্যাশিত, যা তারা তাদের স্কুলের অভ্যন্তরে ও বাহিরেও করবে। বিভিন্ন পরিবহনের ধরন সম্পর্কে এখানে কিছু বৃত্তান্ত দেয়া হলো:

বাসিং:

সেন্টারস্ ফর ডিজিজ্ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এর পথনির্দেশনা অনুসরণ করে, শিক্ষার্থী বহনকারী বাসগুলো নিরাপদ পারস্পরিক দূরত্ব বজায় রাখতে ধারণক্ষমতা 25 শতাংশে সীমাবদ্ধ থাকবে। কোথায় বসবে এবং কোথায় বসতে পারবে না সেবিষয়ে শিক্ষার্থীদের পথনির্দেশনা দেয়ার জন্য আসনগুলো সুস্পষ্টভাবে চিহ্নিত থাকবে।

- যদি শিক্ষার্থীদের নাক-মুখ ঢাকা না থাকে, তাহলে বাস চালক একটি প্রদান করবেন। ড্রাইভার ও অ্যাটেন্ড্যান্টও নাক-মুখ ঢেকে রাখার পাশাপাশি দস্তানা বা গ্লাভস্ পরবেন। ছেলেমেয়েরা বাসে উঠার আগে ও স্কুলে উপস্থিত হবার পূর্বে তারা সুস্থ আছে তা নিশ্চিত করতে, ছেলেমেয়েদের বাসে পাঠানোর পূর্বে, বাড়িতে পরিবারদের উচিত তাদের সন্তানদের স্বাস্থ্য যাচাই করা।

- যখন সম্ভব জানালা খুলে এবং বায়ু পুনঃঘুর্নির্মান মোড-এ রেখে বাস চালানো হবে।

- গন্তব্যে উপস্থিত হবার পর যেখানে সবার বাস থেকে বের হবে, শিক্ষার্থীদের পারস্পরিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধ ভাবে প্রস্থান করতে বলা হবে।

- প্রতি রাতে, সকল স্কুল পরিবহনে ব্যবহৃত যানবাহনগুলো CDC-এর নিয়ম-নীতি অনুযায়ী পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হবে।

পাবলিক ট্রান্সপোর্টেশন এবং অন্যান্য বিকল্পসমূহ

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে অংশগ্রহণকারী শিক্ষার্থী ও পরিবারদের স্কুলে যাওয়া-আসার জন্য স্কুলগুলো বিনামূল্যে মেট্রোকার্ড প্রদান করবে।

- যখন পাবলিক ট্রান্সপোর্টেশন ব্যবহার করা হবে, সকল নিউ ইয়র্কবাসীর মতই শিক্ষার্থীদের পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও নাক-মুখ ঢেকে রাখা প্রত্যাশিত।

- পারস্পরিক দূরত্ব বজায় রাখা সংক্রান্ত নির্দেশনা সকল স্টেশনে MTA চিহ্নিত করেছে এবং সিটিব্যাপী স্টেশনগুলোতে বিনামূল্যে নাক-মুখের মুখোশ অফার করছে। অতিরিক্তভাবে, NYPD স্টেশন এবং সাবওয়ে ট্রেনগুলোতে ঘনঘন টহল দিয়ে পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও নাক-মুখের মুখোশ পরিধান বলবৎ করছে। MTA প্রক্রিয়াগুলো সম্পর্কে আরো জানতে, ভিজিট করুন mta.info/coronavirus ।

উল্লিখিত বিষয়গুলো সম্পর্কে কোথায় তথ্য পাওয়া যাবে:

আমাদের স্কুলগুলোর স্বাস্থ্য ও সুরক্ষার পদক্ষেপসমূহ

আপনাদের সন্তানদের নিরাপদ রাখতে ভেন্টিলেশন (বাতাস সরবরাহ) এবং আমাদের বিল্ডিংয়ের নিরাপত্তা পদক্ষেপসমূহ, বাহিরে শিক্ষা গ্রহণ, স্কুলগুলোতে খাবার পরিবেশন পরিষেবা, পরীক্ষা (টেস্টিং) এবং অনুসরণ (ট্রেসিং), এবং ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কে সকল স্কুলগুলো যে পদক্ষেপ গ্রহণ করছে, সেগুলো সম্পর্কে জানতে ভিজিট করুন schools.nyc.gov/RTShealthsafety ।

এই বছরের শিক্ষকতা এবং শিক্ষণ কেমন হবে

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে সহায়তা, সামাজিক-আবেগজনিত শিক্ষা এবং মানসিক স্বাস্থ্য, মাল্টিলিঙ্গুয়াল (বহুভাষা)/ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্ (ইংরেজি ভাষা শিক্ষার্থী), প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, অস্থায়ী আবাসন (টেম্পোরারী হাউজিং) এবং ফস্টার কেয়ারের শিক্ষার্থীরা, যেসব শিক্ষার্থী 21 বছর কিংবা তার চেয়ে বেশি, এবং আর্লি চাইল্ডহুড প্রোগ্রামের শিক্ষার্থীদের সম্পর্কে আরো জানতে, ভিজিট করুন schools.nyc.gov/RTSteachinglearning ।

এলিমেন্টারি, মিডল্ এবং হাই স্কুলগুলোর জন্য স্কুলের সময়সূচি

প্রোগ্রামিং মডেলগুলো, ভাইবোনের সময়সূচি এবং শিক্ষার্থীরা যখন মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের জন্য ভুল দিনে স্কুলে উপস্থিত হয় তখন কী হবে সেবিষয়ে আরো জানতে, ভিজিট করুন schools.nyc.gov/RTSschedules ।